বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোনঃ ৯৫৭৪০২৫

**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ**

নং-বিকেবি/প্রকা/শানিব্যউবি-১(৩৯)অংশ-১/২০১৮-১৯/ ১৫৪৭ তারিখঃ ১৫/০৪/২০১৯

০১। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
০২। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
০৩। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ বিভিন্ন শাখা কর্তৃক সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের পেনশন প্রদানকালে পেনশন প্রদান আদেশ (পিপিও) বহির্ভূত অতিরিক্ত টাকা প্রদান প্রসংগে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকার পত্র নং-বিকেবি/এলপিও/হিঃ ৩৯/২০১৮২০১৯/২৫২২ তারিখ ১৯/০৩/২০১৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উক্ত পত্রের ০২ ও ০৩ নং অনুচ্ছেদে বর্ণিত বিষয়াবলীর উপর অধিকতর গুরুত্ব আরোপসহ ০৬ নং অনুচ্ছেদে বর্ণিত প্রস্তাব বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের অনুরোধ জানানো হয়েছে।

০৩। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে শাখাসমূহ হতে ভুল তথ্য প্রদানের জন্য বিলম্বে অর্থ প্রাপ্তির কারণে ব্যাংক আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে মর্মে পত্রে উল্লেখ করা হয়েছে। সংশ্লিষ্ট শাখাসমূহকে আর্মি পেনশনারের পিপিও যাচাই-বাছাই করতঃ নির্ভুল বিল প্রদানের ক্ষেত্রে আরও যত্নশীল হওয়ার জন্য ঐ পত্রের মাধ্যমে জোর তাগিদ দেয়া হয়েছে। কম/বেশী বিল প্রদানের ক্ষেত্রে ভুল-ত্রুটিজনিত কারণে বিলম্বে অর্থ প্রাপ্তির জন্য ব্যাংক যাতে কোন আর্থিক ক্ষতির সম্মুখীন না হয় সে বিষয়টি লক্ষ্য রেখে নির্ভুলভাবে কার্য সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, এতদ্বিষয়ে দায়িত্ব পালনে অবহেলাসহ উদ্ভূত যে কোন সমস্যার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট সকলের উপর বর্তাবে।

০৪। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ ১(এক)।

আপনার বিশ্বস্ত,
১৫/০৪/২০১৯
( মোহাম্মদ মনিরুল ইসলাম )
উপ-মহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। অফিস নথি।

# বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন ঃ ০২-৯৫৮৮৫৩৯
৯৫৬০০০২১-২৫/৫৩২,৫১২
e-mail:dgmlpo@krishibank.org.bd


সূত্র নং- বিকেবি/এলপিও/হিঃ-৩৯/২০১৮-২০১৯/ ২৫২২ তারিখ ঃ ১৯/০৩/২০১৯ইং

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ নম্বর ১২২৬ তারিখ ২০/৩/১৯ সহকারী মহাব্যবস্থাপক ২১/৩ উপ-মহাব্যবস্থাপক

উপ-মহাব্যবস্থাপক
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

**বিষয় : বিভিন্ন শাখা কর্তৃক সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের পেনশন প্রদানকল্পে পেনশন প্রদান আদেশ(পিপিও) বহির্ভূত অতিরিক্ত টাকা প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ব্যাংকের বিভিন্ন শাখার মাধ্যমে পরিশোধকৃত সামরিক পেনশন বিল বিকেবি, এলপিও কর্তৃক সামরিক অর্থ নিয়ন্ত্রকের কার্যালয়ে পুনর্ভরনের জন্য প্রেরণ করা হয়। সাম্প্রতিককালে উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে,পুনর্ভরনের নিমিত্তে প্রেরীত বিল সমূহ নিম্নোক্ত আপত্তিসহ অধিক হারে অত্র কার্যালয়ে ফেরৎ পাঠানো হচ্ছেঃ

(ক) পিপিওসহ/সকল পিপিওসহ দাবী করুন ;
(খ) রেশন/পেনশন পিপিওসহ দাবী করুন ;
(গ) রেশন/পেনশন অতিরিক্ত দাবী ;
(ঘ) টিএস গড়মিল/নাম ও নম্বর মিল নেই;
(ঙ) দাবীর সাথে সময়ের মিল নেই ;
(চ) নাম ও সৈনিক/ব্যক্তিগত নম্বর গড়মিল-ইত্যাদি।

০৩। তাছাড়া, আপনাদের বিভাগসহ অত্র কার্যালয় কর্তৃক নির্ভুলভাবে বিল প্রেরণের জন্য শাখা সমূহকে বারবার পত্র দেয়া সত্ত্বেও প্রতিনিয়ত নিম্নোক্ত ভুলসহ বিল প্রেরণ করছে যা সেনা অর্থ নিয়ন্ত্রকের কার্যালয় কর্তৃক আপত্তিসহ ফেরৎ পাঠানো হচ্ছে ঃ

(ক) বিলের উপরে শাখা/অঞ্চলের নাম উল্লেখ থাকেনা;
(খ) বিলটি কোন বাহিনীর তা পরিস্কারভাবে উল্লেখ থাকে না;
(গ) বিলে উল্লেখিত পেনশনারের সৈনিক/ব্যক্তিগত নম্বর, টিএস নম্বর, পিপিও নম্বর প্রায়শঃই ভুল থাকে/উল্লেখ থাকে না;
(ঘ) বিলে পেনশনারের পিপিও অনুযায়ী কোরের নাম উল্লেখ থাকেনা এবং কোর ভিত্তিক পৃথক পৃথক বিল করা হয় না;
(ঙ) বিলে ২য় কর্মকর্তা ও ব্যবস্থাপকের নামের সীল ও তারিখসহ স্বাক্ষর থাকেনা;
(চ) প্রতিটি বিলের (প্রতি পাতার) নীচে প্রদানকৃত/দাবীকৃত টাকার যোগফল থাকেনা- অনেক ক্ষেত্রে এক পাতার যোগফল পরের পাতায় জের টানা হয় যা গ্রহণযোগ্য নহে;
(ছ) অনেক ক্ষেত্রে বিকেবি, এলপিও এর পত্র নং- বিকেবি/এলপিও/হিসাব-৩৯/২০১৭-২০১৮/১৯৭৬/১(১২০০) তারিখ ০৭/০৯/২০১৭ (ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে ১২/০৯/২০১৭ তারিখে আপলোডকৃত) এর সাথে সংযুক্ত ফরমেট অনুযায়ী বিল প্রেরণ করা হয়না; ইত্যাদি।

০৪। উপরে বর্ণিত বিষয়াদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, শাখা সমূহ সংশ্লিষ্ট পেনশনারের পিপিও (পেনশন পে-অর্ডার) যাচাই না করেই সামরিক পেনশন বিল প্রদান করছে। ফলে অতিরিক্ত প্রদানের মত ঘটনা ঘটছে যাতে ব্যাংক আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে। অপরদিকে পেনশনের অর্থ পুনঃভরণ পাওয়ার লক্ষ্যে বিল প্রস্তুতের সময় অনুচ্ছেদ নং- ৩ এ বর্ণিত ভুল-ক্রুটির কারণে সামরিক অর্থ নিয়ন্ত্রকের কার্যালয় কর্তৃক আপত্তিসহ ফেরৎ পাঠানো হচ্ছে। এক্ষেত্রেও ব্যাংকের পাওনা অর্থ আদায়ে বিলম্বের কারণে ব্যাংক আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে। উপরোক্ত বিষয়ে শাখা সমূহের ব্যবস্থাপক , ২য় কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অসতর্কতা, উদাসীনতা, কর্তব্যে অবহেলা ও গাফিলতি পরিলক্ষিত হয় এবং নিয়ন্ত্রণকারী কার্যালয় হিসাবে মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক কার্যালয় ও আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের নজরদারী ও তদারকীর অভাব রয়েছে মর্মে অনুমিত হয়।

০৫। এখানে উল্লেখ্য যে, এতদবিষয়ে বাংলাদেশ ব্যাংক পরিদর্শন দল এলপিও এর উপর ৩০.০৬.২০১৮ স্থিতি ভিত্তিক বিষদ পরিদর্শন প্রতিবেদনে আপত্তি উপস্থাপন করায় অত্র কার্যালয়ের ৩১.০১.২০১৯ তারিখের পত্র নং বিকেবি/এলপিও/হিসাব-৩৯/২০১৮-২০১৯/৮৫১৫(৫) এর প্রেক্ষিতে আপনার বিভাগ কর্তৃক ০৬/০২/২০১৯ তারিখের পত্র নং-বিকেবি/প্রকা/শানিব্যউবি/-১(৩৯) অংশ-১/২০১৮-২০১৯/১২৩৮ মারফত সকল শাখা ব্যবস্থাপককে নির্দেশনা প্রদান করা হয়(কপি সংযুক্ত)।

০৬। এমতাবস্থায়, শাখা কর্তৃক নির্ভুল বিল প্রেরণের লক্ষ্যে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়কে এ বিষয়ে নিবিড় তদারকি করার জন্য এবং আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের মাধ্যমে শাখা কর্তৃক সামরিক পেনশনারদের পিপিও ও যাবতীয় রেকর্ডপত্র সংরক্ষণ, পেনশন প্রদান রেজিষ্টার সংরক্ষণসহ নির্ভুলভাবে পিপিও (পেনশন পে-অর্ডার) মোতাবেক পেনশন প্রদান করা হচ্ছে কিনা তা যাচাই/নিয়মিত নিরীক্ষা কার্য পরিচালনার নিমিত্তে নিরীক্ষা কার্য পরিচালনার নিমিত্তে যথাযথ কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার নির্দেশনা/পরামর্শ প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

সংযুক্তি ঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,
১৯/৩/১৯
(মোঃ শাহ আলম)
সহকারী মহাব্যবস্থাপক

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।